গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নবাবগঞ্জ, ঢাকা
**www.nawabganj.dhaka.gov.bd**

স্মারক নম্বর: ০৫.৪১.২৬৬২.০০০.৪০.০০৭.২০-৪৩

তারিখ: ১০ মাঘ ১৪২৯
২৪ জানুয়ারি ২০২৩

**নবাবগঞ্জ উপজেলার বাংলা ১৪৩০ সনের সরকারি খেয়াঘাট ইজারার বিজ্ঞপ্তি**

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রণীত ১৯ এপ্রিল, ২০০৩ তারিখের প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২(৫২৭২)নং স্মারকে সরকারি খেয়াঘাট ইজারা সংক্রান্ত নীতিমালার আলোকে নবাবগঞ্জ উপজেলাধীন সরকারি খেয়াঘাটসমূহের বাংলা ১৪৩০ সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ইজারা প্রদানের জন্য সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্রের সিডিউল ইজারা ডাকের আগের দিন পর্যন্ত (ছুটির দিন ব্যতীত) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় ছাড়াও জেলা প্রশাসক, ঢাকা; সহকারী কমিশনার (ভূমি), নবাবগঞ্জ, ঢাকা; নবাবগঞ্জ থানা, নবাবগঞ্জ, ঢাকা ও সোনালী ব্যাংক লিঃ, নবাবগঞ্জ শাখায় অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে। নিম্নবর্ণিত ইজারা ডাকের তারিখে দরপত্র জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নবাবগঞ্জ, ঢাকা এবং সহকারী কমিশনার (ভূমি), নবাবগঞ্জ, ঢাকার কার্যালয়ে সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত জমা দেওয়া যাবে। একই দিন বিকাল ০২.৩০ ঘটিকায় দরপত্র দাতাদের সম্মুখে খোলা হবে।

| ক্রমিক | খেয়াঘাটের নাম | ইউনিয়নের নাম | দরপত্র বিক্রয়ের তারিখ | | | কাঙ্খিত সরকারি ইজারা মূল্য | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২৯/০১/২০২৩ হতে ২৮/০২/২০২৩ পর্যন্ত | ০২/০৩/২০২৩ হতে ১৩/০৩/২০২৩ পর্যন্ত | ১৫/০৩/২০২৩ হতে ২৮/০৩/২০২৩ পর্যন্ত | | |
| | | | দরপত্র দাখিল ও উন্মুক্ত করার তারিখ | | | | |
| | | | ০১/০৩/২০২৩ ১ম ডাক | ১৪/০৩/২০২৩ ২য় ডাক | ২৯/০৩/২০২৩ ৩য় ডাক | | |
| ০১ | গোল্লা বউ বাজার খেয়াঘাট | নয়নশ্রী | | | | ২,৯৩৩.৩৪/- | ৫০০/- |
| ০২ | গোল্লা গীর্জা খেয়াঘাট | নয়নশ্রী | | | | ৩,৩০০/- | ৫০০/- |
| ০৩ | বালুখন্ড খেয়াঘাট | শোল্লা | | | | ৫৬,৬৫০/- | ৫০০/- |
| ০৪ | পাতিলঝাপ খেয়াঘাট | শোল্লা | | | | ২,৩৮,৭০০/- | ১,২০০/- |
| ০৫ | সিংজোড় খেয়াঘাট | শোল্লা | | | | ৯,১৬৬.৬৭/- | ৫০০/- |
| ০৬ | তেলিবাড়ী খেয়াঘাট | কলাকোপা | | | | ১,১০০/- | ৫০০/- |
| ০৭ | পোদ্দার বাজার খেয়াঘাট | কলাকোপা | | | | ১,৪০,৮০০/- | ১,০০০/- |
| ০৮ | নন্দী বাজার খেয়াঘাট | কলাকোপা | | | | ৫৫,৫৫০/- | ৫০০/- |
| ০৯ | বক্সনগর খেয়াঘাট | কলাকোপা | | | | ৩,৫৫৬.৬৭/- | ৫০০/- |
| ১০ | শুরগঞ্জ খেয়াঘাট | বাহ্রা | | | | ৯১৬.৬৭/- | ৫০০/- |
| ১১ | আলগীচর খেয়াঘাট | বক্সনগর | | | | ১,১০০/- | ৫০০/- |

## ১৪৩০ বাংলা সনের সরকারি খেয়াঘাট ইজারার শর্তাবলী

০১। বাংলা ১৪৩০ সনের ০১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য খেয়াঘাট ইজারা দেওয়া হবে। ০২। দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের পূর্বের কার্যদিবসে অফিস সময় পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা; সহকারী কমিশনার (ভূমি), নবাবগঞ্জ, ঢাকা; ভারপ্রাপ্ত কর্মকর্তা, নবাবগঞ্জ থানা ও সোনালী ব্যাংক লিঃ, নবাবগঞ্জ শাখা থেকে নির্ধারিত মূল্যে (অফেরৎ যোগ্য) দরপত্র ফরম ক্রয় করা যাবে। ০৩। প্রচলিত নীতিমালা অনুযায়ী প্রথমবারের জন্য দরপত্র দাখিল কেবল জন্মগত পেশাদার পাটনীদের মধ্যে সীমাবদ্ধ থাকবে। দরপত্রের সাথে জন্মগত পেশাদার পাটনী সম্পর্কে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত এবং সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক প্রতিস্বাক্ষরিত প্রত্যায়নপত্র সংযুক্ত করতে হবে। ০৪। দরপত্রের সাথে উদ্ধৃত মূল্যের ২৫% অর্থ যে কোন তফসিল ব্যাংক হতে ব্যাংক ড্রাফটের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে জামানতস্বরূপ জমা প্রদান করতে হবে। ০৫। দরপত্রে কোন কাটাকাটি/ঘষামাজা করা যাবে না, উদ্ধৃত দর সুস্পষ্টভাবে অংকে এবং কথায় লিখতে হবে। ০৬। প্রথমবার দাখিলকৃত দরপত্র/দরপত্রসমূহ নীতিমালা অনুসারে গ্রহণযোগ্য না হলে দ্বিতীয়বার দরপত্র সকলের জন্য উন্মুক্ত থাকবে। ০৭। দ্বিতীয়বারও যদি গ্রহণযোগ্য দরপত্র পাওয়া না যায় তাহলে তৃতীয়বার দরপত্র সকলের জন্য উন্মুক্ত থাকবে। ০৮। দরপত্র গৃহীত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে সমুদয় অর্থ পরিশোধ করতে হবে, অন্যথায় জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে এবং পুনরায় দরপত্র আহ্বানের পদক্ষেপ গ্রহণ করা হবে। ০৯। দখল গ্রহণের পূর্বে ইজারাদার কর্তৃক উদ্বৃত মূল্যের উপর ১০% হারে আয়কর এবং ১৫% হারে ভ্যাট (ইজারা মূল্যের অতিরিক্ত) চালানের মাধ্যমে পরিশোধ করতে হবে। ১০। গৃহীত দরপত্রের সমুদয় টাকা পরিশোধ করার পর নির্দিষ্ট ফরমে চুক্তিনামার মাধ্যমে খেয়াঘাটের দখল ইজারাদারকে বুঝিয়ে দেয়া হবে। ১১। কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত টোল রেইট সর্বসাধারণের জ্ঞাতার্থে খেয়াঘাটের প্রকাশ্য স্থানে টাঙ্গিয়ে রাখার ব্যবস্থা করতে হবে এবং ইজারাদার নির্ধারিত হার অপেক্ষা অধিক টোল আদায় করতে পারবেন না। ১২। ইজারাদার কোন অবস্থাতে খেয়াঘাট সাব-লিজ দিতে পারবেন না, সাব-লিজ প্রদান করা হলে ইজারা বাতিল করা হবে। ১৩। খেয়াঘাটের যাত্রীদের চলাচলের জন্য নৌ-যান সরবরাহ ও উঠানামার জন্য ঘাট ইজারাদার নিজ খরচে নির্মাণ ও রক্ষনাবেক্ষণ করবেন। ১৪। দরপত্র বিজ্ঞপ্তিতে যে সকল শর্ত বর্ণিত হয়নি কিন্তু সরকারিভাবে অন্য কোন আইন, বিধি, অধ্যাদেশ পরিপত্র ইত্যাদিতে উল্লিখিত আছে, সে সকল আইন, বিধি, আদেশ, বিধান ও শর্তাবলী ইজারাদারগণ মেনে চলবে। ১৫। কোন কারণ দর্শানো ব্যাতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন।

মোঃ মতিউর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
নবাবগঞ্জ, ঢাকা
মোবাইল: ০১৯৩৩-৪৪৪০৩৭
**E:mail-unonawabganjdhaka@mopa.gov.bd**

স্মারক নম্বর: ০৫.৪১.২৬৬২.০০০.৪০.০০৭.২০-৪৭

তারিখ: ১০ মাঘ ১৪২৯<br>২৪ জানুয়ারি ২০২৩

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)-

০১। জেলা প্রশাসক, ঢাকা
০২। উপপরিচালক, স্থানীয় সরকার, ঢাকা
০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঢাকা (নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৪। সহকারী কমিশনার (ভূমি), নবাবগঞ্জ, ঢাকা (নোটিশ বোর্ডে টানানো, দরপত্র সিডিউল বিক্রয় ও দরপত্র দাখিলের জন্য নির্ধারিত তারিখে একটি দরপত্র বাক্স রাখার অনুরোধসহ)
০৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, নবাবগঞ্জ থানা, নবাবগঞ্জ, ঢাকা (নোটিশ বোর্ডে টানানোর ও দরপত্র বিক্রয়ের অনুরোধসহ)
০৬। উপজেলা...............................(সকল) কর্মকর্তা, নবাবগঞ্জ, ঢাকা (নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)
০৭। পোস্ট মাস্টার, নবাবগঞ্জ পোস্ট অফিস, ঢাকা (নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)
০৮। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, নবাবগঞ্জ শাখা, নবাবগঞ্জ, ঢাকা (নোটিশ বোর্ডে টানানোর ও দরপত্র বিক্রয়ের অনুরোধসহ)
০৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা...............................................ইউনিয়ন ভূমি অফিস, নবাবগঞ্জ, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১০। চেয়ারম্যান........................(সকল) ইউনিয়ন পরিষদ, নবাবগঞ্জ, ঢাকা (বিজ্ঞপ্তিটি মাইকিং এর মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১১। জনাব.................................বর্তমান/প্রাক্তন ইজাদার................................খেয়াঘাট, নবাবগঞ্জ, ঢাকা
১২। সভাপতি/ সাধারণ সম্পাদক,. . . . . . . . . . . . . . . . . . . . . . নবাবগঞ্জ প্রেস ক্লাব, নবাবগঞ্জ, ঢাকা (নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)
১৩। নোটিস বোর্ড
১৪। অফিস কপি

মোঃ মতিউর রহমান<br>উপজেলা নির্বাহী অফিসার<br>নবাবগঞ্জ, ঢাকা